



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার সময়সূচি

www.jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/মাধ্য/২০(২)/৫৪


তারিখ : ১০/০৯/২০১৭ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

তারিখ	দিন	বিষয় ও পরীক্ষা শুরু সময় সকাল ১০ টা	বিষয় কোড
০১/১১/২০১৭	বুধবার	১। বাংলা - ১ম পত্র	১০১
০২/১১/২০১৭	বৃহস্পতিবার	১। বাংলা - ২য় পত্র	১০২
০৫/১১/২০১৭	রবিবার	১। ইংরেজি - ১ম পত্র	১০৭
০৬/১১/২০১৭	সোমবার	১। ইংরেজি - ২য় পত্র	১০৮
০৭/১১/২০১৭	মঙ্গলবার	১। ইসলাম ও নৈতিক শিক্ষা	১১১
		২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা	১১২
		৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা	১১৩
		৪। খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১৪
০৮/১১/২০১৭	বুধবার	১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪
০৯/১১/২০১৭	বৃহস্পতিবার	১। বিজ্ঞান	১২৭
১১/১১/২০১৭	শনিবার	১। কর্ম ও জীবনমুখী শিক্ষা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১৫৫
১২/১১/২০১৭	রবিবার	১। গণিত	১০৯
১৩/১১/২০১৭	সোমবার	১। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১৪৭
১৪/১১/২০১৭	মঙ্গলবার	১। কৃষি শিক্ষা	১৩৪
		২। গার্হস্থ্য বিজ্ঞান	১৫১
		৩। আরবি	১২১
		৪। সংস্কৃত	১২৩
		৫। পালি	১২৪
১৬/১১/২০১৭	বৃহস্পতিবার	১। বাংলাদেশ বিশ্ব পরিচয়	১৫০
১৮/১১/২০১৭	শনিবার	১। চারু ও কারুকলা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১৪৮

বিশেষ নির্দেশাবলী :

- প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- সৃজনশীল ও বহুনির্বাচনী পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে বহুনির্বাচনী (MCQ) অংশে ৩০ নম্বর এবং সৃজনশীল (CQ) অংশে ৭০ নম্বরের এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে বহুনির্বাচনী (MCQ) অংশে ৪০ নম্বর এবং সৃজনশীল (CQ) অংশে ৬০ নম্বরের প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে।
- নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোলনম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।
- পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইনটফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।



(মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

তারিখ : ১০/০৯/২০১৭ খ্রি:

স্মারক নং-পনি/মাধ্য/২০(২)/৫৪

জ্ঞাতার্থে :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা প্রশাসক/জেলা শিক্ষা অফিসার/উপজেলা নির্বাহী অফিসার।
- ০৫। যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা কেন্দ্রের সকল কেন্দ্র সচিব ও নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ।

সৈয়দ রকিবুল ইসলাম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন: ০৪২১-৬৮৫১০